

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.০৮.০২৪.১৬-৭২

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৩
০৬ এপ্রিল ২০১৭

আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনিত অভিযোগের স্বপক্ষে যথাযথ প্রমাণাদি না থাকায় তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) বিধিমোত্তাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
ভারপ্রাপ্ত সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.০৮.০২৪.১৬-৭২

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৩
০৬ এপ্রিল ২০১৭

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। প্রেছামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৭। জনাব মোহাম্মদ কামরুল হাসান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, গাজীপুর।
- ৮। অফিস কপি।

০৬, ০৮, ১৭
(সুলতানা রাজিয়া)
সিনিয়র সহকারী সচিব (তৎশৃঃ)
ফোন-৯৫৭৬৬৯১